

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৯২

১/ বিবিধ

আরবী

أنزل الناس منازلهم من الخير والشر، وأحسن أدبهم على الأخلاق الفاضلة
ضعيف

رواه الخرائطي في " مكارم الأخلاق " (ص 8) عن بكر بن سليمان أبي معاذ عن أبي
سليمان الفلسطيني عن عبادة بن نسي عن عبد الرحمن بن غنم عن معاذ بن جبل
مرفوعا. قلت: وهذا سند ضعيف، وله علتان: الأولى: أبو سليمان هذا قال البخاري:
له حديث طويل منكر في القصص". والأخرى: بكر بن سليمان، لم أجد من ذكره

বাংলা

১৮৯২। ভাল আর মদের দৃষ্টিকোণ থেকে তুমি লোকদেরকে তাদের স্বস্থ মর্যাদা প্রদান কর। তাদেরকে ভালোভাবে উত্তম চরিত্রের উপর শিষ্টাচার শিখাও।

হাদীসটি দুর্বল।

এটিকে খারায়তী “মাকারিমুল আখলাক” গ্রন্থে (পৃঃ ৮) বাকর ইবনু সুলাইমান আবু মুয়ায হতে, তিনি আবু সুলাইমান ফিলিস্তিনী হতে, তিনি ওবাদাহ ইবনু নুসায় হতে, তিনি আব্দুর রহমান ইবনু গানাম হতে, তিনি মুয়ায ইবনু জাবাল (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুটি কারণে দুর্বলঃ

১। এ আবু সুলাইমান সম্পর্কে ইমাম বুখারী বলেনঃ ঘটনার ক্ষেত্রে তার এক দীর্ঘ মুনকার হাদীস রয়েছে।

২। আর বাকর ইবনু সুলাইমানকে কে উল্লেখ করেছেন পাচ্ছি না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72775>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন